

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ মডস জোন-৩

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-৩

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৭.৩৮.০৯৩.২৪ নথির বিষয়: মডস জোন-৩ এর পানি এবং পয়ঃ লাইন মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় মালামাল ঢাকা ওয়াসার কেন্দ্রীয় ভান্ডার হতে আনয়ন কাজের অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: মডস জোন-৩ এর পানি এবং পয়ঃ লাইন মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় মালামাল ঢাকা ওয়াসার কেন্দ্রীয় ভান্ডার হতে আনয়ন কাজের অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৩/১২/২৪ ১১:৪৬ পূর্বাহ্ন

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৩ এর আওতাধীন ১৯টি ডিএমএ রয়েছে। তন্মধ্যে ১৩ টি ডিএমএ এর কাজ শেষ হয়ে জোনের কাছে হস্তান্তর করা হয়েছে। বাকি ০৬ টি ডিএমএ এর কাজ সম্পন্ন করা হয়েছে যার হস্তান্তর কাজ প্রক্রিয়াধীন আছে। এ সকল ডিএমএ ও নন-ডিএমএ এর পানি ও পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ কাজের জন্য অত্র জোনের বিভাগীয় সাব-ষ্টোর হতে মালামাল ব্যবহার করা হয়। বিভাগীয় সাব-ষ্টোর পানির লাইন মেরামত ও রক্ষণাবেক্ষণের কিছু মালামাল মজুদ কম থাকায় এবং কিছু মালামাল মজুদ নেই। এখানে উল্লেখ্য, ঢাকা ওয়াসার আওতাধীন অত্র জোন একটি বৃহৎ এলাকাবিশিষ্ট ভিআইপি জোন। ফলে অত্র জোনের পানি ও পয়ঃ সমস্যা নিরসনের জন্য পানি ও পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ কাজে ব্যবহৃত মালামাল জরুরী ভিত্তিতে ঢাকা ওয়াসার কেন্দ্রীয় ভান্ডার হতে হতে সংগ্রহ করা প্রয়োজন। কেন্দ্রীয় ভান্ডার বৃহৎ পরিসর হওয়ায় বিভিন্ন গোডাউন হতে মালামাল সংগ্রহ করতে হয়। যার প্রেক্ষিতে মালামাল গুলো গোডাউন থেকে movement, arrangement এবং counting কাজে সহযোগিতার জন্য জনবল/লেবারের প্রয়োজন। এছাড়াও মালামাল বহনকারী পরিবহনে লোড ও আনলোড করার জন্য জনবল দরকার।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৩/১২/২৪ ১১:৫৮ পূর্বাহ্ন

সেই প্রেক্ষিতে জরুরী ভিত্তিতে পানি ও পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ কাজে ব্যবহৃত মালামালগুলো ঢাকা ওয়াসার কেন্দ্রীয় ভান্ডার হতে লোড ও আনলোড করার জন্য লেবার এবং মালামাল বহনকারী ট্রাক ভাড়া করণ বাবদ প্রচলিত বাজার দর অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হ'ল (বিবেচ্য সংযুক্তি: প্রাক্কলন।, সদয় দ্রষ্টব্য।)। যার ব্যয়ের পরিমাণ দাড়িয়েছে ৬২৪,৪০০.০০ (চব্বিশ হাজার চারশত) টাকা মাত্র। অত্র ক্রয় কাজের ব্যয়ভার পিপিআর-২০০৮ এর বিধি ৮১/১ অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে মডস জোন-৩ এর ২০২৪-২৫ অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার "ষ্টোর রক্ষণাবেক্ষণ" খাত ক্রমিক নং (B.12).2 খাত হতে নির্বাহ করা যেতে পারে (বিবেচ্য সংযুক্তি: ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি, সদয় দ্রষ্টব্য।)। কাজ শেষে ব্যয়কৃত টাকা ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

সংযুক্তিসমূহ (২):

১। ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি.

২। প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৩/১২/২৪ ১২:০০ অপরাহ্ন


এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে, মডস জোন-৩ এর আওতাধীন পানি এবং পয়ঃ লাইন মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় মালামাল ঢাকা ওয়াসার কেন্দ্রীয় ভান্ডার হতে আনয়ন কাজটি জরুরী ভিত্তিতে সম্পাদনের নিমিত্তে নিম্নোক্ত প্রস্তাব সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

ক) সর্বমোট উপস্থাপিত ৬২৪,৪০০.০০ (চব্বিশ হাজার চারশত) টাকার প্রাক্কলনটি অনুমোদন।

খ) পিপিআর-২০০৮ এর বিধি ৮১/১ অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতি (অস্থায়ী অগ্রিম) হিসাবে সম্পাদনের অনুমোদন।

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৪-২৫ অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার "ষ্টোর রক্ষণাবেক্ষণ" খাত ক্রমিক নং (B.12).2 খাত হতে নির্বাহ করার অনুমোদন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।




২৩/১২/২৪ ১:২৬ অপরাহ্ন
অনুপমা খসরা লিজা
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩



২৬/১২/২৪ ১০:২৩ পূর্বাহ্ন
মোঃ নজরুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩



২৬/১২/২৪ ১২:২৬ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৩



২৬/১২/২৪ ১২:৪০ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১

২৬/১২/২৪ ১২:৪০ অপরাহ্ন


মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৭/১২/২৪ ২:৫৩ পূর্বাহ্ন

Okay



২৭/১২/২৪ ২:৫৪ পূর্বাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



২৮/১২/২৪ ৬:৫৮ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১



২৯/১২/২৪ ৯:০৬ পূর্বাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৩

২৯/১২/২৪ ৯:০৬ পূর্বাহ্ন
অনুপমা খসরা লিজা
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩